# Times Today BD

এম এস রহমান | খেলা | 21 June, 2025

পাবনার ফরিদপুরে জন্তিহার অগ্নিশিখা সংঘের আয়োজনে বার্ষিক ফুটবল প্রতিযোগিতার ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

বৃষ্টি বিঘ্নিত তীব্র প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ খেলায় গাজীপুরের আনন্দ সংঘ ২-০ গোলে রাজশাহীর কিশোর ফুটবল একাডেমীকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়।

শুক্রবার (২০ জুন) বিকেলে ফরিদপুরের জন্তিহার অগ্নি শিখা সংঘের খেলার মাঠে প্রতিযোগিতার ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, রাজশাহী বিভাগের সাবেক ডিআইজি ও বাংলাদেশ পুলিশ সংস্কার কমিটির সদস্য সচিব খান সাঈদ হাসান জ্যোতি।

বিশেষ অতিথি ছিলেন, পাবনার পুলিশ সুপার মোরতোজা আলী খাঁন, বাংলাদেশ রেলওয়ে পশ্চিমাঞ্চলের প্রধান সংস্থাপন কর্মকর্তা এস এম রাশেদ ইবনে আকবর, নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন অফিসার কে এম তৌহিদুল ইসলাম পান্নু।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জন্তিহার অগ্নিশিখা সংঘের সভাপতি বিশিষ্ট লেখক ও গবেষক মহিউদ্দিন ভূঁইয়া।

টুর্নামেন্টের সেরা খেলোয়াড় নির্বাচিত হন গাজীপুরের সৌরভ।চ্যাম্পিয়ন দলকে প্রাইজমানি হিসেবে ৮০ হাজার এবং রানার্সআপ দলকে প্রাইজমানি হিসেবে ৫০ হাজার টাকা দেওয়া হয়।

গত ৭ এপ্রিল শুরু হয় এই ফুটবল প্রতিযোগিতা।অংশ নেয় ৮টি দল।

খেলা ফুটবল প্রতিযোগিতা পাবনা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:11

URL: https://www.timestodaybd.com/public/sports/3519966146